

গন প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

কর্ণেল মালেক মেডিকেল কলেজ, মানিকগঞ্জ।

স্মারকনং-সিএমএমসি/চিঃশিঃ/মানিক/২০২২/ ২১০৯

তারিখঃ-২৯/০৮/২০২২ ইং।

“বিজ্ঞপ্তি”

এতদ্বারা কর্ণেল মালেক মেডিকেল কলেজ এর সকল পর্যায়ের শিক্ষক/কর্মকর্তা/কর্মচারী/ছাত্র-ছাত্রীদের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরে স্মারক নং ৫৯.১৪.০০০০.১০২.৯৯.০০১.২০-১৬৮০ তারিখ ২২/০৮/২০২২ ইং এর নির্দেশনা অনুযায়ী বর্তমান বৈশিক পরিস্থিতিতে ব্যয় সংকোচনে ইতিমধ্যে জারিকৃত প্রজ্ঞাপন যথাযথভাবে অনুসরণ এবং বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়ের লক্ষ্যে ব্যয় সংকোচনের নিমিত্তে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে এতদবিষয়ে যথাযথ ব্যবস্থা নেওয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হইল।

বিদ্যুৎ ব্যবহার হ্রাস করণার্থে নিম্নোক্ত নির্দেশনা সমূহ বাস্তবায়নে প্রয়োজনীয় পদক্ষেপ:

- ক) বিদ্যুৎ ব্যবহার হ্রাসের মাধ্যমে ২৫-৩০% ব্যয় হ্রাস করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- খ) আপনার বিভাগে শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র (এয়ারকন্ডিশন) (যদি থাকে) সর্বনিম্ন ২৫ ডিগ্রী সেলসিয়াস তাপমাত্রায় ব্যবহার (সম্ভব হলে ব্যবহার না করা) নিশ্চিত করতে হবে।
- গ) অফিস কক্ষে একাদিক বাতি ব্যবহার না করে জ্বালানার পর্দা খোলা রাখার ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ঘ) অনিবার্য না হলে শারীরিক উপস্থিতিতে সভা পরিহার করতে হবে এবং অধিকাংশ সভা অনলাইন প্ল্যাটফর্মে আয়োজনের ব্যবস্থা করতে হবে।
- ঙ) অফিস করিডোর এবং অন্য কোথাও অহেতুক বাতি/ফ্যান চললে উহা বন্ধ করণে সংশ্লিষ্ট সকল উৎসাহিত করতে হবে।
- চ) লেকচার গ্যালারীতে শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র (এয়ারকন্ডিশন) ব্যবহার না করা এবং পিছনের ব্রেঞ্চ-এ শিক্ষার্থী না থাকলে ফ্যান বন্ধ রাখার ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ছ) ক্লাস শেষে সকল ছাত্র-ছাত্রীদের লেকচার গ্যালারী কিংবা টিওটেরিয়াল ক্লাসে অবস্থান করা যাবে না। সংশ্লিষ্ট কর্মচারী দ্রুততম সময়ে ফ্যান/ বাতিসহ অন্যান্য ইলেকট্রিক ডিভাইস বন্ধ করবে।
- জ) ছাত্র-ছাত্রী হোস্টেলে অহেতুক বাতি জ্বালানো পরিহার করবে এবং কোন প্রকার বৈদ্যুতিক ছুলা-হিটার/ফ্রিজ/বড় আকারের স্ট্যান্ড ফ্যান/ ওভেন/প্রেসার কুকার ইত্যাদি ইলেকট্রিক যন্ত্রপাতি ব্যবহার সম্পর্কিত নিষেধ।

( ডাঃ মোঃ জাকির হোসেন )

অধ্যক্ষ

কর্ণেল মালেক মেডিকেল কলেজ, মানিকগঞ্জ

তারিখঃ-২৯/০৮/২০২২ ইং।

স্মারকনং-সিএমএমসি/চিঃশিঃ/মানিক/২০২২/ ২১০৯/১ (২০)

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

- ০১। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২। দৃষ্টি আকর্ষণ: পরিচালক (প্রশাসন)
- ০৩। পরিচালক, চিকিৎসা শিক্ষা, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।
- ০৪। বিভাগীয় প্রধান (সকল), কর্ণেল মালেক মেডিকেল কলেজ, মানিকগঞ্জ। আপনার বিভাগে উপরোক্ত নির্দেশনা বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হইল।
- ০৫। .....
- ০৬। অফিস কপি।

অধ্যক্ষ

কর্ণেল মালেক মেডিক্যাল কলেজ, মানিকগঞ্জ।